জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

স্মারক নম্বর: ২২.০২.০০০০.০১৮.০২৩.০০১.২৬.৩২৯

তারিখ: ১০ বৈশাখ ১৪৩৩ / ২৩ এপ্রিল ২০২৬

বিষয়: **বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকায় প্রকাশের জন্য লেখা আহ্বান**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতি বছরের মতো এ বছরও বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশে যথাযোগ্য মর্যাদায় বিশ্ব পরিবেশ দিবস ৫ জুন উদযাপন করা হবে।

বিগত বছরগুলোর মতো এ বছরও বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে পরিবেশ অধিদপ্তর কর্তৃক একটি স্মরণিকা প্রকাশ করা হবে। প্রতিবেশ সংরক্ষণ ও পুনরুদ্ধার; প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা ব্যবস্থাপনা; পরিবেশের অবক্ষয় ও সংরক্ষণ; প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা; জলাভূমি ব্যবস্থাপনা; জীববৈচিত্র্য সংরক্ষণ; নদী সংরক্ষণ; পানিদূষণ ও প্রতিকার; বায়ুদূষণ ও প্রতিকার; ভূমির অবক্ষয়/মাটিদূষণ ও প্রতিকার; ভূমিরূপ/ ভূমিব্যবহার পরিবর্তন ও তার প্রভাব; উপকূলীয় প্রতিবেশ ব্যবস্থাপনা; শব্দদূষণ ও প্রতিকার; জলবায়ু পরিবর্তনের অভিঘাত ও প্রতিকার; প্রতিবেশভিত্তিক অভিযোজন; বর্জ্য ব্যবস্থাপনা; প্লাস্টিক দূষণের সমাধান; পরিবেশবান্ধব কৃষি; পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণে পরিবেশবান্ধব প্রযুক্তি; টেকসই পরিবহন; শিল্পকারখানা স্থানান্তর; নগর পরিকল্পনা; প্রতিবেশবান্ধব পর্যটন; মেরিন লিটার ব্যবস্থাপনা; সুনীল অর্থনীতি; সবুজ অর্থনীতি; এবং প্রতিবেশ, পরিবেশ, জীববৈচিত্র্য ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক সহযোগিতার ক্ষেত্র প্রভৃতি বিষয়ে স্মরণিকায় লেখা প্রকাশ করা হবে।

আপনার বিশ্ববিদ্যালয়ের আগ্রহী শিক্ষক, গবেষক, শিক্ষার্থী এবং কর্মকর্তাদের বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকায় প্রকাশের জন্য আগামী ১০ মে ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ইমেইল wedsouvenircommittee@gmail.com বরাবর সর্বোচ্চ ১৮০০ শব্দের মধ্যে বাংলায় SutonnyMJ ফন্টে অথবা ইংরেজিতে Times New Roman ফন্টে লেখা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হল।

মোঃ খালেদ হাসান
পরিচালক (আইন)
ও
আহবায়ক
বিশ্ব পরিবেশ দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে গঠিত
স্মরণিকা প্রকাশ কমিটি
ইমেইল: wedsouvenircommittee@gmail.com

স্মারক নং-রেজি:/প্রশা:-৩/৭৫৯৭০ - তিন

তারিখ: ২৬/১/১৪৩৩ বঙ্গাব্দ / ৯/৫/২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-